

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৫৩

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছদঃ ২৬/৮৫. পদদলিত হওয়ার স্থানের ছবি

بَاب الصُّورِ فِيمَا يُوطَأُ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ أَسَامَةَ بْنِ زَيْدٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ سَرَّتْ سَهْوَةً لِي - تَعْنِي الدَّاخِلَ - بِسِترٍ فِيهِ تَصَاوِيرٍ فَلَمَّا قَدِمَ النَّبِيُّ - صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - هَتَّكَهُ فَجَعَلْتُ مِنْهُ مَنْبُوذَتَيْنِ فَرَأَيْتُ النَّبِيَّ - صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مُتَكَبِّلًا عَلَى إِحْدَاهُمَا .

বাংলা

১/৩৬৫৩। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আমার ঘরের দরজায় ছবিযুক্ত একটি পর্দা টানালাম। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে তা ছিঁড়ে ফেলেন। পরে আমি তা দিয়ে দু'টি তাকিয়ার গেলাফ বানালাম। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তার একটিতে হেলান দিয়ে বসতে দেখেছি।

English

It was narrated that 'Aishah said:

"I covered a small room closet of mine, meaning, from the inside, with a curtain on which there were images. When the Prophet (ﷺ) came, he tore it down, so I made two pillows from it, and I saw the Prophet (ﷺ) reclining on one of them."

ফুটনোট

সহীলুল বুখারী ৫৯৫৪, মুসলিম ২১০৮, তিরমিয়ী ২৪৬৮, নাসায়ী ৭৬১, ৫৩৫৫, ৫৩৫৭, আহমাদ ২৫১০৩, ২৫৫৭২, দারেমী ২৬৬২, আদাবুয ফিফাফ ৯৮, ৯৯। তাহকীক আলবানীঃ হাসান সহীহ। উক্ত হাদিসের রাবী উসামাহ বিন যায়দ সম্পর্কে ইবনু হিবান তাকে সিকাহ উল্লেখ করে বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। আল-আজলী তাকে সিকাহ বলেছেন। আবু হাতিম আর-রায়ী বলেন, তার থেকে হাদিস গ্রহণ করা যাবে তবে

দলীল হিসেবে নয়। ইমাম নাসাই বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। (তাহফীবুল কামালঃ রাবী নং ৩১৭, ২/৩৪৭ নং
পৃষ্ঠা)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44618>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন